

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ



# গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, জুলাই ১, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
(কাস্টমস)

## প্রজ্ঞাপন

তারিখ: ১৭ আষাঢ় ১৪২৪ বঙ্গাব্দ/০১ জুলাই ২০১৭ খ্রিস্টাব্দ

এস.আর.ও. নং- ২১৮-আইন/২০১৭/৫৬/কাস্টমস।—Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section ২৫(৩) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ২৩ জৈষ্ঠ, ১৪২০ বঙ্গাব্দ মোতাবেক ০৬ জুন, ২০১৩ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস.আর.ও. নং ১৪৯-আইন/২০১৩/২৪৩৬/কাস্টমস রাহিত করিয়া, কাস্টমস ডিউটি আদায়কল্পে বিদ্যমান আমদানি নীতি আদেশ এ বিধৃত শর্তাবলি পালন সাপেক্ষে বাংলাদেশে আমদানিযোগ্য ব্যবহৃত, পুরাতন ও পুনঃসংস্কারকৃত (reconditioned) মোটর গাড়ি ও যানবাহনের জন্য নিম্নরূপ ন্যূনতম মূল্য (minimum value) নির্ধারণ করিল, যথা:—

## শর্তাবলি

১। ব্যবহৃত, পুরাতন বা পুনঃসংস্কারকৃত (reconditioned) মোটর গাড়ি ও যানবাহন জাপান হইতে আমদানি করা হইলে জাপানে প্রকাশিত হালনাগাদকৃত Yellow Book এবং জাপান ব্যতীত অন্য কোন দেশ হইতে আমদানি করা হইলে, ক্ষেত্রমত, হালনাগাদকৃত Glass's Guide, Automobiles Magazine বা আন্তর্জাতিকভাবে স্বীকৃত অনুরূপ কোন জর্নালে প্রকাশিত গাড়ির সকল কোড মডেলের গড় মূল্যের উপর অনধিক ৫ (পাঁচ) বৎসর বয়সের যে কোন মেয়াদের আমদানিকৃত মোটর গাড়ির জন্য নিম্নবর্ণিত হারে বৎসর ভিত্তিক অবচয় সুবিধা প্রযোজ্য হইবে, যথা:—

- |  |     |
|--|-----|
| (ক) ১ (এক) বৎসর পর্যন্ত পুরাতন বা রিকভিশন্ড গাড়ি ও যানবাহনের জন্য - | ০%  |
| (খ) ১ (এক) বৎসরের অধিক হইতে ২ (দুই) বৎসর পর্যন্ত পুরাতন বা           | ১৫% |
| রিকভিশন্ড গাড়ি ও যানবাহনের জন্য -                                   |     |

(৭০১৫)

মূল্য : টাকা ৮.০০

- (গ) ২ (দুই) বৎসরের অধিক হইতে ৩ (তিনি) বৎসর পর্যন্ত পুরাতন বা ২৫%  
রিকভিশন গাড়ি ও যানবাহনের জন্য -
- (ঘ) ৩ (তিনি) বৎসরের অধিক হইতে ৪ (চার) বৎসর পর্যন্ত পুরাতন বা ৩৫%  
রিকভিশন গাড়ি ও যানবাহনের জন্য -
- (ঙ) ৪ (চার) বৎসরের অধিক হইতে ৫ (পাঁচ) বৎসর পর্যন্ত পুরাতন বা ৪০%:  
রিকভিশন গাড়ি ও যানবাহনের জন্য -

তবে শর্ত থাকে যে, পুরাতন, ব্যবহৃত বা পুনঃসংকারকৃত মোটর গাড়ি ও যানবাহন হিসাবে  
বিবেচিত হইতে হইলে, সংশ্লিষ্ট গাড়ির প্রথম রেজিস্ট্রেশনের তারিখ ও রেজিস্ট্রেশন বাতিলের তারিখের  
মধ্যবর্তী সময়সীমা ন্যূনতম ৩৬৫ (তিনশত পঁয়ষষ্ঠি) দিন হইতে হইবে এবং উহা ন্যূনতম ১০০০  
(এক হাজার) কিলোমিটার চালিত হইতে হইবে, যাহার প্রমাণস্বরূপ গাড়ি শুল্কায়নকালে—

- (অ) জাপান হইতে আমদানির ক্ষেত্রে Registration Cancellation Certificate ও  
Japan Auto Appraisal Institute (JAAI) কর্তৃক ইস্যুকৃত গাড়ির বয়স সংক্রান্ত  
সনদপত্র; এবং
- (আ) জাপান ব্যতীত অন্যান্য দেশ হইতে আমদানির ক্ষেত্রে Registration  
Cancellation Certificate সংশ্লিষ্ট কাস্টম হাউস বা কাস্টমস স্টেশনে দাখিল  
করিতে হইবে।

**ব্যাখ্যা।**—সংশ্লিষ্ট মোটর গাড়ির প্রথম রেজিস্ট্রেশনের তারিখ উল্লেখ না থাকিলে যে মাসে  
গাড়িটি প্রথম রেজিস্ট্রেশন করা হয়েছিল সেই মাসের পরবর্তী মাসের প্রথম  
তারিখকে এই দফার উদ্দেশ্যে পূরণকল্পে রেজিস্ট্রেশনের তারিখ হিসাবে গণ্য  
করিতে হইবে।

২। অবচয় প্রদানের উদ্দেশ্যে বয়স গণনার ক্ষেত্রে, সংশ্লিষ্ট গাড়ির চেসিস বুক (Chassis  
Book) এ লিপিবদ্ধ তৈরি সনের পরবর্তী বৎসরের প্রথম দিন হইতে গাড়ি জাহাজীকরণের দিন পর্যন্ত  
সময়কে গণনা করিতে হইবে।

৩। আমদানিকৃত ব্যবহৃত, পুরাতন বা পুনঃসংকারকৃত মোটর গাড়ি বা যানবাহনের ঘোষিত  
মূল্য শর্ত ১ ও ২ এর পদ্ধতি অনুসরণক্রমে নিরূপিত ন্যূনতম মূল্য অপেক্ষা অধিক হইলে অবচয় সুবিধা  
প্রদান না করিয়া ঘোষিত মূল্যে শুল্কায়ন করিতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মজিবুর রহমান  
সিনিয়র সচিব।

মোঃ মজিবুর রহমান, উপপরিচালক (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ সরকারী মুদ্রালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd